বিশেষভাবে, TBTA নিশ্চিত করবে যে প্রকল্পের প্রথম পাঁচ বছরের জন্য, চূড়ান্ত টোলিং কার্টামোতে নিম্ন আয়ের প্রায়শই এই পেশায় কাজ করা চালকদের জন্য একটি ছাড়যুক্ত টোল রেট অন্তর্ভুক্ত করা রয়েছে। যাদের হয় একটি ফেডারেল সামঞ্জস্যপূর্ণ গ্রাস আয় পূর্ববর্তী ক্যালেন্ডার বছরের জন্য তাদের আয়কর রিটার্নে \$50,000 এর বেশি নয় বা একটি যোগ্যতাভিত্তিক সরকার-প্রদত্ত আয়-ভিত্তিক প্রোগ্রামে তালিকাভুক্তির প্রমাণ রয়েছে (যেমন সম্পূর্ণক পুষ্টি সহায়তা প্রোগ্রাম (SNAP) বা মহিলা, শিশু এবং শিশুদের জন্য বিশেষ পরিপূরক পুষ্টি প্রোগ্রাম (WIC))।²³ উদাহরণ হিসেবে, একজন প্রায়শই গাড়ি চালানোর কাজ করা একজন চালক এমন কেউ হতে পারেন যিনি কর্মস্থলে যাতায়াত করেন বা এমন কেউ যিনি নিয়মিত চিকিৎসা পেতে একটি সুবিধা কেন্দ্রে ভিজিট করেন।

তাদের E-ZPass (ই-জিপাস) ট্যাগ এবং তাদের E-ZPass (ই-জিপাস) একাউন্টে একটি সংশ্লিষ্ট নিম্ন-আয়ের ডিসকাউন্ট প্ল্যান ব্যবহারের মাধ্যমে যোগ্য চালকরা প্রতিটি ক্যালেন্ডার মাসে প্রথম 10টি যাত্রাসমূহের পরে দিনের প্রযোজ্য সময়ের জন্য সম্পূর্ণ CBD E-ZPass (ই-জিপাস) টোল রেটে 25 শতাংশ ছাড়ের মাধ্যমে উপকৃত হবে। (এই ছাড়ে রাতারাতি সময়কাল অন্তর্ভুক্ত থাকবে না, যাতে ইতিমধ্যেই ভালোরকম ছাড় দেওয়া হবে।)

এই নতুন প্রশমনকে EA-তে বর্ণিত অন্যান্য প্রশমন ব্যবস্থার সাথে একত্রিত করা হয়েছে, যার মধ্যে বেশ কয়েকটি E-ZPass (ই-জিপাস) গ্রাহক হওয়ার বাধা দূর করে এবং²⁴ এটি নিশ্চিত করবে যে প্রকল্পটি Manhattan (ম্যানহাটন) CBD-তে স্বল্প-আয়ের চালকদের উপর অসামঞ্জস্যপূর্ণভাবে উচ্চ এবং বিরূপ প্রভাব ফেলবে না।

নিচের বক্সে স্বল্প আয়কারী গাড়িচালকদের সাথে সম্পর্কিত সমস্ত প্রশমন ব্যবস্থা বর্ণনা করা হয়েছে। কার্যনির্বাহী সারাংশের শেষে এগুলির প্রতিটির অতিরিক্ত তথ্য টেবিল ES-5 এবং ES-6 এ পাওয়া যেতে পারে।]

কম আয়ের চালক যাদের [গাড়ি চালানোর জন্য অন্য কোন যুক্তিসঙ্গত বিকল্প নেই] তাদের উপর [প্রকল্পটি যাতে সম্ভাব্য
অসামঞ্জস্যপূর্ণ উচ্চ এবং প্রতিকূল প্রভাব না ফেলে] তা নিশ্চিত করার জন্য, প্রজেক্ট স্পনসররা নিম্নোক্ত প্রশমন এবং
বর্ধিতকরণ [ব্যবস্থা] গ্রহণ করবে।

প্রশমন

প্রজেক্টে Manhattan (ম্যানহাটন) CBD-এর বাসিন্দাদের দ্বারা প্রদত্ত CBD টোলের জন্য একটি ট্যাক্স ক্রেডিট অন্তর্ভুক্ত থাকবে
যাদের করযোগ্য বছরের জন্য New York (নিউ ইয়র্ক)-এর সামঞ্জস্যপূর্ণ মোট আয় \$60,000-এর কম। TBTA New York
(নিউ ইয়র্ক) স্টেটের Department of Taxation and Finance (NYS DTF) এর সাথে সমঝ করবে যাতে NYS ট্যাক্স
ক্রেডিট পাওয়ার যোগ্য ড্রাইভারদের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টেশনের উপলব্ধতা নিশ্চিত করা যায়।*

TBTA প্রকল্পের ওয়েবসাইটে ট্যাক্স ক্রেডিট সম্পর্কিত তথ্য পোস্ট করবে, NYS DTF ওয়েবসাইটে উপযুক্ত অবস্থানের একটি লিঙ্ক
সহ যোগ্য ড্রাইভারদের ক্রেডিট দাবি করার তথ্যের জন্য গাইড করবে।

TBTA ক্রেডিট কার্ড ব্যাকআপ ছাড়াই গ্রাহকদের জন্য \$10 E-ZPass (ই-জেডপাস) ট্যাগ ডিপোজিট ফি বাদ দেবে।

TBTA বিদ্যমান E-ZPass (ই-জেডপাস) পেমেন্ট এবং গ্ল্যান বিকল্পগুলির বর্ধিত প্রচার সরবরাহ করবে, যার মধ্যে ড্রাইভারদের
প্রতি ট্রিপে অর্থ প্রদানের ক্ষমতা (প্রি-লোড ব্যালেন্সের পরিবর্তে), অংশগ্রহণকারী রিটেইল অবস্থানগুলিতে নগদ দিয়ে তাদের
অ্যাকাউন্টগুলি পুনরায় পূরণ করা এবং ডিসকাউন্ট গ্ল্যানগুলি সহ ইতিমধ্যেই রয়েছে, যার সম্পর্কে তারা সচেতন নাও হতে পারে।

TBTA বিদ্যমান ছাড়যুক্ত transit ভাড়া পণ্য এবং প্রোগ্রামগুলির জন্য যোগ্যতার বিষয়ে আউটরিচ এবং শিক্ষা প্রদান করবে, যার
মধ্যে 65 বছর বা তার বেশি বয়সী ব্যক্তিদের জন্য, প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য এবং কম আয়ের ব্যক্তিদের জন্য এই কাজটি করা
হবে, যাদের সম্পর্কে অনেকেই জানেন না।

প্রজেক্টের স্পনসররা একটি পরিবেশগত ন্যায়বিচার কমিউনিটি গ্রুপ প্রতিষ্ঠা করতে প্রতিশ্রুতিবদ্ধ যা [ত্রৈমাসিক] ভিত্তিতে
মিলিত হবে, যাতে আপডেট হওয়া তথ্য এবং বিশ্লেষণ শেয়ার করতে এবং সম্ভাব্য উদ্বেগের কথা শুনতে পারা যায় এবং [এর
প্রথম মিটিং-টি প্রকল্প বাস্তবায়নের আগে হবে।]

[TBTA চূড়ান্ত CBD টোল কার্যক্রমে রাত্রিকালীন সময়ে টোল রেট নিশ্চিত করবে যা সর্বোচ্চ টোলের 50 শতাংশ বা তার কম
হবে এবং যা অন্তত রাত 12:00 টা থেকে ভোর 4:00 টে পর্যন্ত প্রযোজ্য হবে, যা এই সময়ে ভ্রমণকারী স্বল্প আয়ের চালকদের
উপকৃত করবে।]

[TBTA প্রতিশ্রুতি দেয় যে প্রকল্পের প্রথম পাঁচ বছরের জন্য, চূড়ান্ত টোলিং কার্যক্রমে সেইসব কম আয়ের ঘন-ঘন চালকদের
জন্য একটি ছাড়যুক্ত টোল হার অন্তর্ভুক্ত করা হবে, যাদের হয় একটি ফেডারেল সামঞ্জস্যপূর্ণ মোট আয় তাদের পূর্ববর্তী
ক্যালেন্ডার বছরের আয়কর রিটার্নে \$50,000 -এর বেশি নয় অথবা একটি যোগ্যতাবিভিক সরকার-প্রদত্ত আয়-ভিত্তিক
প্রোগ্রামে তালিকাভুক্তির প্রমাণ রয়েছে। তাদের E-ZPass (ই-জিপাস) ট্যাগ এবং তাদের E-ZPass (ই-জিপাস) একাউন্টে
একটি সংশ্লিষ্ট নিম্ন-আয়ের ডিসকাউন্ট গ্ল্যান ব্যবহারের মাধ্যমে যোগ্য চালকরা প্রতিটি ক্যালেন্ডার মাসে প্রথম 10টি
যাত্রাসমূহের পরে (ওভারনাইট সময়কাল অন্তর্ভুক্ত নয়, যাতে ইতিমধ্যেই অনেকটাই ছাড় দেওয়া হবে) দিনের প্রযোজ্য সময়ের
জন্য সম্পূর্ণ CBD E-ZPass (ই-জিপাস) টোল রেটে 25 শতাংশ ছাড়ের মাধ্যমে উপকৃত হবে।

বর্ধিতকরণ

NYC-এর বাসগুলি সাবওয়ে সহ অন্যান্য পরিবহণ পদ্ধতির তুলনায় নিম্ন-আয়ের ও সংখ্যালঘু পরিবারের একটি বড় অংশে
পরিষেবা দেয়। [MTA NYCT তার বাস নেটওয়ার্কগুলিকে পুনরায় ডিজাইন করার সময় নিম্ন-আয়ের ও সংখ্যালঘু পরিবারের
উচ্চ হার সহ এলাকাগুলিকে বিবেচনা করেছিল।] Staten Island (স্টেটেন আইল্যান্ড)-এ এবং ব্রংসে সম্প্রতি বাস্তবায়িত বাস
নেটওয়ার্ক রিডিজাইন ভালোভাবে গৃহীত হয়েছে। Queens (কুইন্স) এবং Brooklyn (ব্রুকলিন)-এ নেটওয়ার্ক পুনরায় ডিজাইনের
কাজ চলছে। TBTA MTA NYCT-এর সাথে কাজ করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ যাতে EA-তে চিহ্নিত এলাকাগুলিকে মোকাবেলা করা
যায়, যেখানে Brooklyn (ব্রুকলিন) এবং Manhattan (ম্যানহাটন) বাস নেটওয়ার্ক রিডিজাইনগুলি এগিয়ে যাওয়ার সাথে-সাথে
বাস পরিষেবা উন্নত করা যেতে পারে।

[* যদিও কিছু লোক ট্যাক্স রিটার্ন দাখিল করার জন্য বছরে যথেষ্ট উপার্জন করতে পারেন না, তবুও তারা ক্রেডিট দাবি করার জন্য ট্যাক্স রিটার্ন জমা দেওয়ার
জন্য বিকল্প বেছে নিতে পারেন। NYS Department of Taxation and Finance (ডিপার্টমেন্ট অফ ট্যাক্সেশন এবং ফিন্যান্স) এবং NYC Department of Consumer
এবং Worker Protection (ডিপার্টমেন্ট অফ কনজিউমার এবং ওয়ার্কার প্রোটেকশন) (DCWP)-এর মাধ্যমে যোগ্য ব্যক্তিদের জন্য বিনামূল্যে ট্যাক্স দায়ের করার
প্রোগ্রাম উপলব্ধ।]

ট্যাক্সি এবং FHVস

টোলিং সিনারিও [B, C, E, এবং F] ট্যাক্সি এবং/অথবা FHV-এর জন্য চার্জ করা যেতে পারে এমন যাত্রাসমূহের সংখ্যার উপর ছাড় বা ডিসকাউন্ট (ক্যাপ আকারে) অন্তর্ভুক্ত রয়েছে। ছাড় এবং ক্যাপগুলি ট্যাক্সি/FHV চালকদের উপর টোলের বোঝা হ্রাস করে, যখন প্রকল্পের যানজট এবং রাজস্ব উদ্দেশ্য পূরণের জন্য অন্যান্য চালকদের জন্য টোলের হার বৃদ্ধি করে। যদি প্রতিটি ট্রিপের জন্য ট্যাক্সি এবং FHV-কে চার্জ করা হয় [টোলিং সিনারিও A, D, এবং G-এর মতো], তবে তাদের পরিষেবার চাহিদা হ্রাস পাবে, বিশেষ করে New York City (নিউ ইয়র্ক সিটি)-এ, যা যাত্রাসমূহকে হ্রাস করবে এবং প্রজেক্টের উদ্দেশ্যগুলিকে আরও ভালোভাবে পূরণ করবে, তবে নতুন সরাসরি খরচ এবং/অথবা সম্ভাব্য চাকরির নিরাপত্তাহীনতা সৃষ্টি করবে। **টেবিল ES- [5]** এই প্রভাবগুলির মাত্রা সম্পর্কে তথ্য প্রদান করে। কারণ বহু New York City (নিউ ইয়র্ক সিটি) ট্যাক্সি এবং FHV চালকরা পরিবেশগত ন্যায়বিচারের জনসংখ্যার অংশ হিসেবে চিহ্নিত করে, এর ফলে [সম্ভাব্য] অসামঞ্জস্যপূর্ণভাবে উচ্চ ও প্রতিকূল প্রভাব [প্রশমন ছাড়াই] পড়ে।

[2022 সালের আগস্টে প্রকাশিত EA সম্ভাব্য চাকরির নিরাপত্তাহীনতা মোকাবিলার জন্য বেশ কয়েকটি প্রশমন ব্যবস্থার প্রস্তাব করেছিল। তবে, জনসাধারণের মন্তব্যের সময়কালে মতামতের ফলস্বরূপ, এই চূড়ান্ত EA-তে, সেই ব্যবস্থাগুলির জায়গায় নতুন প্রশমনের প্রস্তাব করা হয়। বিশেষ করে TBTA নিশ্চিত করবে যে এই যানবাহনগুলিকে দিনে একবারের বেশি টোল না করা হয়। এই নতুন প্রশমন প্রতিশ্রুতির সাথে প্রকল্পের ফলে New York City (নিউ ইয়র্ক সিটি)-এ ট্যাক্সি এবং FHV চালকদের উপর অসামঞ্জস্যপূর্ণভাবে উচ্চ এবং বিরূপ প্রভাব পড়বে না।²⁵]

[New York City (নিউ ইয়র্ক সিটি) ট্যাক্সি এবং FHV চালকদের উপর প্রজেক্টের ফলে যাতে সম্ভাব্য অসামঞ্জস্যপূর্ণ উচ্চ ও বিরূপ প্রভাব না পড়ে, তা নিশ্চিত করার জন্য, TBTA নিম্নলিখিত প্রশমনের ব্যবস্থা নেবে।

প্রশমন

TBTA নিশ্চিত করবে যে New York City (নিউ ইয়র্ক সিটি) ট্যাক্সি এবং FHVগুলিকে টোল পরিকার্মামোতে গৃহীত CBD-এ দিনে একবারের বেশি টোল করা হবে না।*

[*সাবচ্যাপ্টার 4A-এ সম্ভাব্য প্রতিকূল প্রভাব সম্পর্কে বর্ণনা করা এবং যদি এই যানবাহনগুলিকে প্রতিদিন একবারে সীমাবদ্ধ করা হয় বা CBD টোল থেকে অব্যাহতি দেওয়া হয়, তবে টোলিং সিনারিও A, D, এবং G-এ কী ঘটবে, সে সম্পর্কে অতিরিক্ত বিবরণ প্রদান করে। প্রতিটি ক্ষেত্রে, সম্ভাব্য প্রভাবগুলি EA-এ টোলিং সিনারিওর মাধ্যমে অন্বেষণ করা প্রভাবের পরিসরের মধ্যে পড়ে। এছাড়াও, এই এঞ্জিকিউটিভ সারাসংখ্যার পৃষ্ঠা ES-24-এ, প্রভাবের পরিসর সম্পর্কিত অতিরিক্ত আলোচনা রয়েছে, যেখানে প্রশমন ব্যবস্থাগুলি কীভাবে প্রজেক্টের প্রভাবগুলিকে পরিবর্তন করতে পারে, সেদিকে বিশেষ মনোযোগ দেওয়া হয়েছে। যেমন ব্যাখ্যা করা হয়েছে, পরিচালিত অতিরিক্ত বিশ্লেষণে দেখা যায় যে এই প্রশমন ব্যবস্থার ফলাফলগুলি এখনও EA-এ অন্বেষণ করা প্রভাবের পরিসরের মধ্যে থাকবে। পরিশেষে, এই প্রশমন কীভাবে প্রতিটি চ্যাপ্টারের বিশ্লেষণকে প্রভাবিত করে, সে সম্পর্কিত আলোচনার জন্য, চ্যাপ্টার 3, "পরিবেশগত মূল্যায়ন পরিকার্মামো," বিভাগ 3.3.3. দেখুন।]

[পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায়ে যানবাহন চলাচলের পরিবর্তন

যেহেতু চালকেরা নতুন টোল এড়িয়ে যেতে চায় সেহেতু ট্রাফিক ডাইভারশনের ফলে, কিছু পরিবেশগত ন্যায়বিচার কমিউনিটি কম ট্রাফিকয়ের পরিমাণ উপলব্ধি করবে; অন্যরা ট্রাফিকয়ের হার বৃদ্ধি দেখতে পাবে। 2022 সালের আগস্টে প্রকাশিত EA অনুসারে এবং পরিবেশগত বিচার প্রযুক্তি উপদেষ্টা গ্রুপ থেকে প্রাপ্ত জনসাধারণের মন্তব্য এবং ইনপুটের উপর ভিত্তি করে, প্রজেক্ট স্পনসররা এই সম্ভাব্য ডাইভারশনগুলির সাথে সম্পর্কিত অতিরিক্ত বিশ্লেষণ পরিচালনা করেছে। সম্পূর্ণ বিশ্লেষণের জন্য, পরিশিষ্ট 17D, "টেকনিক্যাল মেমোরেন্ডাম অনুসারে;" নিম্নলিখিত অনুচ্ছেদগুলি ফলাফল এবং উপসংহারগুলির একটি উচ্চ-স্তরের সারাসংখ্যার প্রদান করে থাকে।

ট্রাফিক এবং ট্রাক ট্রাফিকের সাথে যুক্ত বায়ু দূষণকারী। পরিশিষ্ট 17D, "টেকনিক্যাল মেমোরেন্ডাম" কীভাবে এবং কেন ট্রাফিক এবং বিশেষ করে ট্রাক ট্রাফিক দূষণকারী বোঝা এবং এই বোঝা ও স্বাস্থ্যের

উপর এর প্রভাবগুলির মধ্যে সংযোগ তৈরীতে অবদান রাখে তা বর্ণনা করে। বিশেষত, যানবাহনগুলি কার্বন মনোক্সাইড, মোবাইল সোর্স এয়ার টক্সিক, নাইট্রোজেন অক্সাইড এবং ব্রেক ও টায়ারের কণার মাধ্যমে, রাস্তার ধূলিকণার বিচ্ছুরণ, এবং জ্বলন্ত গরম ইঞ্জিনগুলিতে জীবাশ্ম জ্বালানী পোড়ানোর মাধ্যমে বায়ু দূষণকারী উপাদানগুলিতে অবদান রাখে।²⁶

যদিও সমস্ত মোটর যান বায়ু দূষণকারী পদার্থ উৎপন্ন করে, তবুও ট্রাক থেকে নির্গত পদার্থ কাছাকাছি রাস্তার বায়ুর গুণমানের জন্য বিশেষ উদ্বেগের বিষয়, আংশিকভাবে তারা যে দূষণকারী পদার্থ নির্গমন করে সে কারণে, তবে এছাড়াও তারা অন্যান্য প্রকারের যানবাহনের তুলনায় অসম পরিমাণে বেশি দূষিত পদার্থ নির্গমনের ক্ষেত্রে অবদান রাখে।²⁷ এইভাবে বেশিরভাগ বিশ্লেষণ ট্রাক চলাচলের উপর দৃষ্টি নিবদ্ধ করে; তবে, প্রভাবের সম্পূর্ণ পরিসর অন্বেষণ করা হয়েছে কিনা, তা নিশ্চিত করার জন্য, অ্যাপেন্ডিক্স 17D, "প্রযুক্তিগত মেমোরেন্ডাম" ট্রাক নয় এমন যানবাহন চলাচলের উপর প্রজেক্টের প্রভাবগুলিকেও অন্বেষণ করে।

অতীতে ভূমি-ব্যবহার এবং পরিবহন রীতি, প্রবণতা এবং বোঝা। অ্যাপেন্ডিক্স 17D-এর বিশ্লেষণ "প্রযুক্তিগত মেমোরেন্ডাম" আগে থেকে বিদ্যমান দূষণকারী এবং দীর্ঘস্থায়ী রোগের বোঝা ও সেইসাথে অতীতের ভূমি ব্যবহারের নীতি এবং দূষণকারী নির্গমন ও সংশ্লিষ্ট স্বাস্থ্য ফলাফলে সংশ্লিষ্ট প্রবণতা বর্ণনা করার মাধ্যমে একটি বিস্তৃত প্রেক্ষাপট প্রদান করে। এই অঞ্চলের হাইওয়ে নেটওয়ার্কটি 20 শতকের মাঝামাঝি সময়ে তৈরি করা হয়েছিল এবং অনেক ক্ষেত্রে, অ্যাপার্টমেন্ট ব্লকের মধ্য দিয়ে হাইওয়ে নির্মাণের ফলে বাসিন্দারা এবং ব্যবসা স্থানচ্যুত হয়েছিল। অন্যান্য ক্ষেত্রে, হাইওয়েগুলি আশেপাশের স্থানগুলির মধ্যে ভৌত সীমানা তৈরি করে, ফলে বাসিন্দারা বাণিজ্যিক কেন্দ্র ও পূর্ববর্তী এলাকাগুলি থেকে বিচ্ছিন্ন হয়ে পড়েন যেমন, Cross Bronx Expressway (ক্রস ব্রংস এক্সপ্রেসওয়ে)। সময়ের সাথে-সাথে, হাইওয়েগুলির সংলগ্ন আশেপাশের বহু বাসিন্দাদের জায়গা ছেড়ে যেতে হয়েছিল, যাদের জায়গায় নতুন জাতিগত বা অর্থনৈতিক গোষ্ঠীরা দ্বারা এসেছিল, এর ফলে কিছু জায়গায় চিহ্নিত আশেপাশের স্থানের পরিবর্তন হয়েছিল, কারণ নতুন বাসিন্দারা নতুন জাতিগত ছিটমহল প্রতিষ্ঠা করেছিল, যার মধ্যে বহু সংখ্যক ছিল সংখ্যালঘু এবং অথবা নিম্ন আয়ের ব্যক্তির।²⁸ ভূমি ব্যবহার এবং পরিবহন অনুশীলনের বাইরে, অন্যান্য নীতি ও অনুশীলনগুলি এই প্রভাবগুলিতে অবদান রেখেছে বা প্রভাবগুলিকে বৃদ্ধি করেছে। উদাহরণস্বরূপ, কিছু এলাকায়, বৈষম্যমূলক রিয়েল ইস্টেট অনুশীলন যেমন গুরুতরভাবে সীমাবদ্ধ স্থান রেডলাইন করা যেখানে সংখ্যালঘু জনগোষ্ঠীর অবস্থান, নির্দিষ্ট এলাকায় সংখ্যালঘু সম্প্রদায়কে কেন্দ্রীভূত করা।²⁹

আঞ্চলিক বায়ুর গুণমান বহু বছর ধরেই ভালো হচ্ছে কিন্তু United States (মার্কিন যুক্তরাষ্ট্র)-এর বাকি অংশের তুলনায় 10-কাউন্টির অধ্যয়নরত অঞ্চলের মানুষজনদের - তারা পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায় হিসেবে মনোনীত সম্প্রদায়গুলিতে বাস করুক বা অন্য সম্প্রদায়গুলিতে বাস করুক - উচ্চ মাত্রার বায়ু দূষণকারী এবং সংশ্লিষ্ট দীর্ঘস্থায়ী রোগের বোঝা বইতে হচ্ছে নির্দিষ্ট অবস্থানের বিশদ বিবরণের জন্য অ্যাপেন্ডিক্স 17D, "প্রযুক্তিগত মেমোরেন্ডাম" (দেখুন)।

ট্রাক চলাচলের উপর প্রভাবের সারাংশ। একটি হাইওয়ের 300 মিটারের মধ্যে 434 জনসংখ্যার সমস্ত অঞ্চলে³⁰ - যেগুলি পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায় এবং যেগুলি নয় - উভয়েই 80তম জাতীয় পার্সেন্টাইলে বা তার উপরে অথবা কমপক্ষে একটি দীর্ঘস্থায়ী রোগের বোঝা 66.66তম পার্সেন্টাইলের উপরে রয়েছে, যার মধ্যে রয়েছে 284 জনসংখ্যার অঞ্চল, যেগুলি প্রকল্পের ফলে ট্রাক চলাচলের নৈকট্যের ট্রাক চলাচলের সংস্পর্শে আসার একটি পরিমাপ) হ্রাস বা বৃদ্ধির সম্মুখীন হতে পারে।³¹ একটি হাইওয়ের 300 মিটারের (71.7 শতাংশ) মধ্যে বিদ্যমান পরিবেশগত ন্যায়বিচার জনসংখ্যার অঞ্চলের অনুপাত 10-কাউন্টি পরিবেশগত ন্যায়বিচার অধ্যয়নরত এলাকায় সামগ্রিকভাবে (70.6 শতাংশ) পরিবেশগত ন্যায়বিচার জনসংখ্যার অঞ্চলের সামগ্রিক অনুপাতকে প্রতিফলিত করে।

জাতীয় পার্সেন্টাইলের তুলনায় বর্তমানে অতিরিক্ত চাপে থাকা সম্প্রদায়গুলিতে ট্রাক চলাচল বৃদ্ধির ফলে একটি বিরূপ প্রভাব তৈরি হবে। বিশ্লেষণে দেখা গেছে যে পরিবেশগত ন্যায়বিচারের অঞ্চল (56) হিসেবে চিহ্নিত একটি বৃহত্তর জনসংখ্যার অঞ্চল পরিবেশগত নয় এমন ন্যায়বিচার অঞ্চলের (23) তুলনায় ট্রাক

চলাচলের নৈকট্য হ্রাসের সম্মুখীন হবে; সংক্ষেপে, পরিবেশগত নয় এমন জনসংখ্যার অঞ্চলের চেয়ে বেশি পরিবেশগত ন্যায়বিচার অঞ্চলগুলি ট্রাক চলাচলে প্রকল্প-সম্পর্কিত হ্রাস থেকে উপকৃত হবে। আরও, পরিবেশগত ন্যায়বিচার এবং পরিবেশগত নয় এমন ন্যায়বিচার সম্প্রদায়ের মোটামুটি একই অনুপাত প্রকল্প সম্পর্কিত ট্রাক চলাচলের নৈকট্য হ্রাস দেখতে পাবে। তবে, 41 শতাংশ পরিবেশগত নয় এমন ন্যায়বিচার জনসংখ্যার অঞ্চল ট্রাক চলাচলের নৈকট্যের বৃদ্ধির সম্মুখীন হলেও 50 শতাংশ পরিবেশগত ন্যায়বিচার জনসংখ্যার অঞ্চলগুলি এমন বৃদ্ধির সম্মুখীন হবে যা প্রকল্পের সামগ্রিক উপকারী প্রভাবগুলির দ্বারা সম্পূর্ণরূপে লাঘব হবে না।

ট্রাক নয় এমন যানবাহন চলাচলের উপর প্রভাবের সারাংশ। অনুরূপ মডেলিং প্রকল্পের ফলে উদ্ভূত ট্রাক নয় এমন যানবাহন চলাচলের নৈকট্য পরিবর্তনের জন্য সম্পাদন করা হয়েছিল। এই ক্ষেত্রে, পূর্ব-বিদ্যমান বায়ু দূষণকারী বোঝা বা দীর্ঘস্থায়ী রোগের বোঝা প্রদর্শন করে এমন অন্তত একটি জনসংখ্যার অঞ্চল সহ 35টি পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায়গুলি হাইওয়েতে ট্রাক নয় এমন যানবাহনের চলাচলের নৈকট্যের সম্ভাব্যতার হ্রাস দেখতে পাবে। তবে, এই একই পূর্ব-বিদ্যমান বায়ু দূষণকারী বা দীর্ঘস্থায়ী রোগের বোঝা সহ 33টি সম্প্রদায় ট্রাক নয় এমন যানবাহন চলাচলের নৈকট্যের বৃদ্ধির দেখতে পারে। ট্রাক চলাচল বিশ্লেষণের সময় এই সম্প্রদায়গুলির মধ্যে 11টি বাদে সবকটিকেই শনাক্ত করা হয়েছিল। এই বিশ্লেষণেরফলাফল এবং পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায় কর্তৃক উত্থাপিত উদ্বেগগুলি Lower Manhattan (লোয়ার ম্যানহাটন) এবং Lower East Side (লোয়ার ইস্ট সাইড)-এর সম্প্রদায়গুলির সংলগ্ন FDR Drive (ড্রাইভ)-এ যানবাহন চলাচলের একটি অনুমানিত বৃদ্ধির দিকে বিশেষ মনোযোগ আকর্ষণ করেছে।

যানবাহন চলাচলের পথ পরিবর্তনের জন্য প্রশমন। সম্ভাব্য প্রকল্প-সম্পর্কিত যানবাহন চলাচলের পথ পরিবর্তন, সংশ্লিষ্ট বায়ু দূষণকারী এবং সংশ্লিষ্ট স্বাস্থ্যের প্রভাবগুলিকে মোকাবিলা করার জন্য, Project Sponsors (প্রকল্পের স্পনসর) সেই সম্প্রদায়গুলির জন্য আঞ্চলিক এবং স্থান-ভিত্তিক প্রশমনের একটি প্যাকেজ করতে প্রতিশ্রুতিবদ্ধ যা প্রকল্প-সম্পর্কিত যানবাহন চলাচল বৃদ্ধির সম্মুখীন হতে পারে।³² নির্দিষ্ট জনসংখ্যার অঞ্চল, যেগুলি যানবাহন চলাচলের পরিবর্তনগুলি দেখতে পাবে, সেগুলি টোলিং সিনারিও দ্বারা সামান্য পরিবর্তিত হয়, তবে সম্প্রদায়গুলি মূলত টোলিং সিনারিওতে একই থাকে।³³


ট্রাক চলাচলের সম্ভাব্য বৃদ্ধির ক্ষেত্রে, যে সম্প্রদায়গুলি ইতিমধ্যেই দেশের তুলনায় 90তম পার্সেন্টাইল বা তার উপরে পূর্ব-বিদ্যমান দূষণকারী বা দীর্ঘস্থায়ী রোগের বোঝা বহিছে, সেই সম্প্রদায়গুলি আঞ্চলিক প্রশমন ব্যবস্থা থেকে উপকৃত হবে। যে সম্প্রদায়গুলি ইতিমধ্যেই দেশের তুলনায় 90তম পার্সেন্টাইল বা তার উপরে পূর্ব-বিদ্যমান দূষণকারী এবং দীর্ঘস্থায়ী রোগের বোঝা বহিছে, সেই সম্প্রদায়গুলি আঞ্চলিক প্রশমন ব্যবস্থা ও তার পাশাপাশি স্থান-ভিত্তিক প্রশমন থেকে উপকৃত হবে (চিত্র ES-5)।

ট্রাক নয় এমন যানবাহন চলাচলের জন্য, Lower East Side (লোয়ার ইস্ট সাইড) এবং Lower Manhattan (লোয়ার ম্যানহাটন) সংলগ্ন FDR Drive (ড্রাইভ)-এর জন্য প্রশমন শনাক্ত করা হয়েছিল। মডেলিং ইস্তিত দেয় যে Brooklyn Bridge (ব্রুকলিন ব্রিজ)-এ Manhattan (ম্যানহাটন)-এ যাতায়াতকারী যে যানবাহনগুলি FDR Drive (ড্রাইভ)-এ উত্তর দিকে চলে এবং East Houston Street (পূর্ব হাউস্টন স্ট্রিট)-এ প্রধান পথ ব্যবহার করে অবিলম্বে বাম দিকে ঘোরে এবং FDR Drive (ড্রাইভ)-এ দক্ষিণে ফিরে যেতে পারে, সেই যানবাহনগুলির টোল করা হবে, তা নিশ্চিত করার মাধ্যমে এই এলাকার বৃদ্ধি হ্রাস করা যেতে পারে, যা এইভাবে ট্রাক নয় এমন যানবাহন চলাচলের পথ পরিবর্তনকে নিরুৎসাহিত করবে। স্থান-ভিত্তিক প্রশমন ব্যবস্থার প্যাকেজের অংশ হিসেবে এই প্রশমনকে কার্যকর করা হবে।

আঞ্চলিক ও স্থান-ভিত্তিক প্রশমন ব্যবস্থাগুলির সংক্ষিপ্ত বিবরণ টেবিল ES-4-এ দেওয়া হয়েছে। এই প্রশমন ব্যবস্থাগুলির অর্থায়নের জন্য প্রজেক্ট স্পনসররা 5 বছরে \$155 মিলিয়ন অর্থ প্রদানের জন্য প্রতিশ্রুতি দিয়েছে। শেষ পর্যন্ত গৃহীত টোলিং কার্টামো নির্বিশেষে প্রজেক্ট স্পনসরর এই ব্যবস্থাগুলির জন্য প্রতিশ্রুতিবদ্ধ। একটি অভিযোজিত ব্যবস্থাপনা পদ্ধতি ব্যবহার করা হবে, যার মধ্যে অন্তর্ভুক্ত থাকবে প্রশমনের কার্যকারিতা নিরীক্ষণ, স্টেকহোল্ডারদের পরামর্শ এবং ওয়ারেন্টি অনুযায়ী অ্যাডজাস্টমেন্ট। এটি গুরুত্বপূর্ণ যে, এই প্রশমন

প্রতিশ্রুতিগুলি অন্তর্ভুক্ত করার সাথে প্রজেক্টের ফলে পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায়ের উপর অসামঞ্জস্যপূর্ণ
উচ্চ ও প্রতিকূল প্রভাব পড়বে না।

চিত্র ES-51 উচ্চ পূর্ব-বিদ্যমান দূষণকারী এবং দীর্ঘস্থায়ী রোগের বোঝা সহ পরিবেশগত ন্যায়বিচার
জনসংখ্যার অঞ্চল যেখানে ট্রাক চলাচলের নৈকট্য সম্ভাব্যভাবে বৃদ্ধি পেতে পারে টোলিং
সিনারিও E]]



পূর্ব-বিদ্যমান দূষণকারী এবং দীর্ঘস্থায়ী রোগের বোঝার সম্মিলিত
সংখ্যা ৯০ তম পার্সেন্টাইলে বা তার উপরে

- 2 - 3
- 4 - 5
- 6 - 7

- 1 High Bridge-Morrisania and Crotona-Tremont (হাই ব্রিজ-মরিসানিয়া এবং ক্রোটোনা-ট্রেমন্ট)
- 2 Hunts Point-Mott Haven and Pelham-Throgs Neck (হান্টস পয়েন্ট-মট হ্যাভেন এবং পেলাম-থ্রোগস নেক)
- 3 Hunts Point-Mott Haven (হান্টস পয়েন্ট-মট হ্যাভেন)
- 4 Pelham-Throgs Neck (পেলাম-থ্রোগস নেক)
- 5 Northeast Bronx (উত্তরপূর্ব ব্রক্স)
- 6 East Harlem (ইস্ট হারলেম)
- 7 Randall's Island (রান্ডল'স আইল্যান্ড)
- 8 Downtown Brooklyn-Fort Greene (ডাউনটাউন ব্রুকলিন-ফোর্ট গ্রিন)
- 9 South Williamsburg (দক্ষিণ উইলিয়ামসবার্গ)
- 10 Orange-East Orange-Newark (অরেঞ্জ-ইস্ট অরেঞ্জ-নিউর্ক)
- 11 Fort Lee (ফোর্ট লি)

উৎস: EJScreen 2021 তথ্যের মাধ্যমে USEPA NATA এবং Agency Air Quality System (এজেন্সি এয়ার কোয়ালিটি সিস্টেম); EJI 2022
তথ্যের মাধ্যমে CDC PLACES Estimates 2020; BPM, WSP 2021।
নোট: পার্সেন্টাইলগুলি জাতীয়। সেনসাস ট্র্যাক্ট 3009, Nassau County (নাসাউ কাউন্টি) দেখানো হয়নি। সড়কপথে সম্ভাব্য ট্রাকের পরিমাণ
বৃদ্ধি এবং হ্রাস অবশেষে একে অপরকে বাতিল করবে এবং এর ফলে সেই অঞ্চলের মধ্যে আবাসিক জনসংখ্যার জন্য ট্রাক চলাচলের
নৈকট্যের কোল পরিবর্তন হবে না।

[টেবিল ES-4। আঞ্চলিক ও স্থান-ভিত্তিক প্রশমন ব্যবস্থা]

প্রশমন ব্যবস্থা	প্রশমনের সুবিধা ও ফলাফল	5-বছরের তহবিল	প্রাসঙ্গিক অঞ্চল(সমূহ)	তহবিলের উৎস	বাস্তবায়নের লিড
আঞ্চলিক প্রশমন					
ওভারনাইট টোল আরও কমেছে	ট্রাকের পথ পরিবর্তন ন্যূনতম করা/এড়িয়ে চলা	\$30 মিলিয়ন	10-কাউন্টি পরিবেশগত ন্যায়বিচার অধ্যয়নরত এলাকা	CBD Tolling Program (টোলিং প্রোগ্রাম)	TBTA
NYC ক্লিন ট্রাক প্রোগ্রাম প্রসারিত করা	~500 নতুন ক্লিন ট্রাক থেকে NOx এবং PM _{2.5} হ্রাস	\$20 মিলিয়ন		CBD Tolling Program (টোলিং প্রোগ্রাম)	NYCDOT
NYCDOT অফ-আওয়ার ডেলিভারি প্রোগ্রাম প্রসারিত করা	দিনের বেলায় ট্রাক চলাচল হ্রাসের ফলে নিরাপত্তা ও নির্গমন হ্রাসের সুবিধা	\$5 মিলিয়ন		CBD Tolling Program (টোলিং প্রোগ্রাম)	NYCDOT
স্থান-ভিত্তিক প্রশমন					
FDR Drive (ড্রাইভ)-এ উত্তরমুখে যাতায়াতকারী টোল যানবাহন যা East Houston Street (ইস্ট হাউস্টন স্ট্রিট)-এ প্রস্থান করে এবং তারপর FDR ড্রাইভে দক্ষিণমুখে চলে যায়	FDR Drive (ড্রাইভ)-এ ট্রাক নয় এমন যানবাহনের 25 থেকে 35 শতাংশ বৃদ্ধিকে প্রশমিত করা যেতে পারে	প্র/ন	ব্রুকলিন ব্রিজ (Brooklyn Bridge) এবং ইস্ট হাউস্টন স্ট্রিটের (East Houston Street) মধ্যে এফডিআর ড্রাইভ (FDR Drive)	প্র/ন	TBTA
Hunts Point Produce Market (হান্টস পয়েন্ট ব্রাউডিস মার্কেট)-এ Transport Refrigeration Units (ট্রান্সপোর্ট রেফ্রিজারেশন ইউনিট) (TRUs) প্রতিস্থাপন	1,000 TRU-এর প্রতিস্থাপন থেকে প্রধান NOx এবং PM _{2.5} হ্রাস	\$15 মিলিয়ন ²	Hunts Point (হান্টস পয়েন্ট)	MTA CMAQ প্রোগ্রাম	NYCDOT
বৈদ্যুতিক ট্রাক চার্জিং পারিকার্টামো বাস্তবায়ন করা	35টি নতুন চার্জার ব্যবহার করে (সাতটি স্টেশনসমূহে) বৈদ্যুতিক যানবাহন থেকে NOx এবং PM _{2.5} হ্রাস	\$20 মিলিয়ন		\$10 মিলিয়ন Federal (ফেডেরাল) CRP + \$10 মিলিয়ন CBD Tolling Program (টোলিং প্রোগ্রাম)	NYSDOT
রাস্তার নিকটবর্তী এলাকার বাতাসের গুণমান উন্নত করতে রাস্তার পাশে গাছপালা লাগানো	~4,000 গাছ এবং ~ 40,000 গুপ্ত থেকে দূষণকারী পদার্থ ক্যাপচার করার মাধ্যমে কাছাকাছি-রাস্তার বাতাসের গুণমান উন্নত করা	\$10 মিলিয়ন	টোলের হার নির্ধারণ করার পরে, নির্দিষ্ট অবস্থান নির্ধারণের জন্য অতিরিক্ত বিশ্লেষণ ও কমিউনিটি ইনপুট উভয়ই অন্তর্ভুক্ত একটি প্রক্রিয়া ঘটবে	CBD Tolling Program (টোলিং প্রোগ্রাম)	প্রাসঙ্গিক স্টেট ও স্থানীয় সংস্থাগুলির সাথে TBTA
Environmental Justice Communities (এনভায়রনমেন্টাল জাস্টিস কমিউনিটিস)-এ পার্ক এবং Greenspace (গ্রিনস্পেস)-এর নবরূপ দেওয়া	সামগ্রিক সম্প্রদায়ের সুস্থতা বাড়ায়। আকার ও জটিলতার উপর নির্ভর করে 2-5টি পার্ক/গ্রিনস্পেস নবরূপ দেওয়া।	\$25 মিলিয়ন		CBD Tolling Program (টোলিং প্রোগ্রাম)	প্রাসঙ্গিক স্টেট ও স্থানীয় সংস্থাগুলির সাথে TBTA
হাইওয়ের কাছাকাছি স্কুলগুলিতে বায়ু পরিষ্কার ইউনিট বসানো	শ্রেণীকক্ষ থেকে বায়ু দূষণকারী পদার্থকে অপসারিত করে। স্কুলের আকার ও বিদ্যমান HVAC সিস্টেমের জটিলতার উপর নির্ভর করে 25-40টি স্কুল।	\$10 মিলিয়ন		CBD Tolling Program (টোলিং প্রোগ্রাম)	প্রাসঙ্গিক স্টেট ও স্থানীয় সংস্থাগুলির সাথে TBTA
Asthma Case Management Program (অ্যাজমা কেস ম্যানেজমেন্ট প্রোগ্রাম) এবং Bronx Center (ব্রক্স সেন্টার) প্রতিষ্ঠা করা	হাসপাতালে ভর্তি হওয়া এবং ডাক্তার দেখানো কমাতে, উপসর্গ ও মিস করা স্কুলের দিনগুলি সহ দিন ও রাতকেরি কমাতে - 25টি স্কুল পর্যন্ত প্রোগ্রাম সম্প্রসারণ	\$20 মিলিয়ন	CBD Tolling Program (টোলিং প্রোগ্রাম)	NYC DOHMH	

1 উপরে আলোচিত কম আয়ের টোল ডিসকাউন্টের জন্য \$47.5 মিলিয়নের সাথে অন্যান্য বিষয়ের উপর নজরদারি সম্পর্কিত প্রশমন এবং বর্ধিতকরণ ব্যবস্থার জন্য একটি অতিরিক্ত \$5 মিলিয়ন বরাদ্দ করা হয়েছে। বর্ধিতকরণ ব্যবস্থার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে বায়ুর গুণমান পর্যবেক্ষণ যা NYC-এর বিদ্যমান পর্যবেক্ষণের নেটওয়ার্ককে প্রসারিত করবে। EA-এ যানবাহন চলাচল ও বায়ুর গুণমানের বিশ্লেষণ বিবেচনা করে এবং পরিবেশগত ন্যায়বিচার স্টেকহোল্ডার ও প্রাসঙ্গিক স্টেট ও স্থানীয় সংস্থাগুলির সাথে সমন্বয়ে অবস্থানগুলিকে নির্বাচন করা হবে। এটি টেবিল ES-5-এ বর্ণিত যানবাহন চলাচলের পথ পরিবর্তন সম্পর্কিত আঞ্চলিক এবং স্থান-ভিত্তিক প্রশমন ব্যবস্থার পরিপূরক হবে (বিস্তারিত জানতে **চ্যাপ্টার 10, "বায়ুর গুণমান"** দেখুন)।

2 তিন বছর পর, TRU প্রতিস্থাপনের জন্য নির্ধারিত যে কোনও অবশিষ্ট তহবিল NYC Clean Trucks Program (ক্লিন ট্রাকস প্রোগ্রাম)-এর মাধ্যমে ক্লিন ট্রাক প্রতিস্থাপন ভাউচারের জন্যও ব্যবহার করা যেতে পারে।

প্রশমন ব্যবস্থার চূড়ান্ত স্থান নির্ধারণের প্রক্রিয়া। চিহ্নিত সাতটি স্থান-ভিত্তিক প্রশমন ব্যবস্থার মধ্যে পাঁচটি যেখানে তাদের প্রয়োগ করা যেতে পারে, সেখানে সেগুলি নমনীয়, যেখানে East Houston Street (ইস্ট হাউস্টন স্ট্রিট)-এ Manhattan (ম্যানহাটন) CBD-এ চলাচলের টোলিং এবং Hunts Point Produce Market (হান্টস পয়েন্ট প্রোডিউস মার্কেট)-এ ট্রান্সপোর্ট রেক্রিজারেশন ইউনিট (TRUs) প্রতিস্থাপন সেই নির্দিষ্ট অবস্থানগুলিতে নির্দিষ্ট।

প্রকৃত টোল হার গ্রহণের পরে, অতিরিক্ত বিশ্লেষণ ও কমিউনিটি ইনপুট উভয়ই অন্তর্ভুক্ত একটি প্রক্রিয়া অন্য পাঁচটি স্থান-ভিত্তিক প্রশমন ব্যবস্থার স্থানগুলিকে নির্ধারণ করতে সংঘটিত হবে (যেমন, কোন স্থানে বায়ু পরিষ্কার ইউনিট স্থাপন করতে হবে বা কোন রাস্তাগুলিতে গাছপালা লাগাতে হবে) এর জন্য প্রজেক্ট স্পনসর, Environmental Justice Community Group (এনভায়রনমেন্টাল জাস্টিস কমিউনিটি গ্রুপ) (10-কাউন্টি পরিবেশগত অধ্যয়নরত এলাকাকে প্রতিনিধিত্ব করে এবং যেমন টেবিল ES-6-এ বর্ণনা করা হয়েছে), স্থান-ভিত্তিক প্রশমন গ্রহণকারী প্রাসঙ্গিক সম্প্রদায় এবং স্থানীয় বাস্তুবায়নকারী সংস্থাগুলির মধ্যে সমন্বয় প্রয়োজন এবং এতে সম্ভাবনার পরিসর নির্ধারণের জন্য প্রয়োজন মূল্যায়ন ও সম্ভাব্যতা স্ক্রীনিং অন্তর্ভুক্ত থাকবে।

প্রজেক্ট স্পনসররা বিদ্যমান জনসাধারণের জড়িত হওয়া এবং অংশগ্রহণ প্রক্রিয়ার মাধ্যমে যথাযথ বাস্তুবায়নকারী সংস্থার সাথে কাজ করবে এবং তারপর নির্দিষ্ট স্থানগুলিকে অগ্রাধিকার দিয়ে নির্বাচন করবে। নির্দিষ্ট স্থান-ভিত্তিক প্রশমনের স্থানগুলি প্রজেক্টের ওয়েবসাইটের মাধ্যমে জনসাধারণের জন্য উপলব্ধ করা হবে ও তার পাশপাশি সেই জনসাধারণের সদস্যদের সরাসরি ইমেল পাঠানো হবে যারা প্রজেক্ট সম্পর্কে তথ্য পেতে সাইন আপ করেছেন।

নির্দিষ্ট সম্ভাব্যতার কারণ এবং প্রশমনের ধরনগুলি প্রশমনের মাধ্যমে পরিবর্তিত হয় এবং এর মধ্যে রয়েছে:

- বৈদ্যুতিক ট্রাক চার্জ করার পরিকাঠামো: এই প্রশমনটি NYSDOT দ্বারা প্রাপ্ত তহবিল ব্যবহার করে ফেডারেল কার্বন রিডাকশন প্রোগ্রাম (CRP)-এর মাধ্যমে বাস্তুবায়িত করা হবে এবং তাই New York (নিউইয়র্ক)-এর লোকেশনগুলিতে সীমাবদ্ধ থাকবে। বসার জায়গা সংক্রান্ত বিবেচনার মধ্যে সম্ভাব্য চাঞ্চল্য প্রভাব, মহাসড়কের নৈকট্য (স্থানীয় রাস্তায় ভ্রমণ কমানোর জন্য), এবং সম্ভাব্য ট্র্যাফিক ও শব্দের প্রভাবের অধ্যয়ন অন্তর্ভুক্ত থাকবে। NYMTC ক্লিন ফ্রেট করিডোর সংক্রান্ত গবেষণা -এটি একটি সমীক্ষা যা মোটর ক্যারিয়ার, ইউটিলিটি কোম্পানি, জ্বালানি অবকাঠামো প্রস্তুতকারক/সরবরাহকারী, ট্রাক স্টপ অপারেটর, ইন্ডাস্ট্রিয়াল রিয়েল এস্টেট কোম্পানি এবং সম্প্রদায় ও অ্যাডভোকেসি সংস্থাগুলির সাথে পরামর্শ করে মেট্রোপলিটন পরিকল্পনা সংস্থা দ্বারা তৈরি করা হয়েছে - এটিকে অগ্রাধিকারমূলক লোকেশন শনাক্ত করতে সাহায্য করার উদ্দেশ্যে ব্যবহার করা হবে। উপযুক্ত লোকেশনগুলি চিহ্নিত করার সময় প্রতিক্রিয়া প্রদানের জন্য স্টেট ও স্থানীয় কর্মকর্তাদের সাথে এই ধরনের গ্রুপগুলিকে পুনরায় নিযুক্ত করা হবে।
- রাস্তার নিকটবর্তী এলাকার বাতাসের গুণমান উন্নত করতে রাস্তার পাশে গাছপালা লাগানো: রাস্তার ধারের স্থানের প্রাপ্যতা এবং আগে থেকে করা রোপণের উপস্থিতি মূল্যায়ন করতে, সেইসাথে অ্যাক্সেস এবং রক্ষণাবেক্ষণ বিবেচনা করতে, নতুন রোপণ জন্য অবস্থান হিসাবে সংবেদনশীল রিসেস্টরগুলির কাছাকাছি উপযুক্ত সাইটগুলি (যেমন, স্কুল, ডে কেয়ার, সিনিয়র বা কমিউনিটি সেন্টার বা আউটডোর বিনোদন সুবিধা) শনাক্ত করতে প্রজেক্টের স্পনসররা প্রাসঙ্গিক স্থানীয় ও স্টেট সংস্থাগুলির সাথে কাজ করবে। কমিউনিটির অগ্রাধিকারের সাথে সামঞ্জস্যপূর্ণ করতে, প্রজেক্টের স্পনসররা কমিউনিটি স্টেকহোল্ডার, নির্বাচিত কর্মকর্তা ও পরিবেশগত ন্যায়বিচার কমিউনিটি গ্রুপের সাথে যুক্ত হবেন।
- পরিবেশগত ন্যায়বিচার কমিউনিটিতে পার্ক ও সবুজ ঘেরা জায়গা: প্রজেক্টের স্পনসররা ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলিতে পার্ক ও সবুজ ঘেরা জায়গায় বিনিয়োগের সম্ভাব্য অবস্থানগুলি মূল্যায়ন করতে প্রাসঙ্গিক স্টেট ও স্থানীয় সংস্থাগুলির সাথে কাজ করবে, যাতে আগে থেকে বিদ্যমান পার্কল্যান্ডও অন্তর্ভুক্ত থাকবে, যেখানে সবুজ স্থানের সম্প্রসারণ, বৃক্ষ রোপণ বা অন্যান্য আপগ্রেড করা সম্ভব। সংস্থাগুলি

পরিবেশগত ন্যায়বিচার কমিউনিটি গ্রুপ, স্থানীয় কর্মকর্তা ও কমিউনিটির অন্যান্য স্টেকহোল্ডারদের কাছ থেকে অবস্থান এবং চিকিৎসার অগ্রাধিকারের বিষয়ে মতামত চাইবে।

- হাইওয়ের কাছাকাছি স্কুলগুলিতে বায়ু পরিষ্কার ইউনিট: ট্রাক চলাচল বাড়তে পারে এমন হাইওয়েগুলির 300 মিটারের মধ্যে সেন্সাস ট্র্যাক্টের স্কুলগুলিতে বিদ্যমান পরিষ্কার সিস্টেমগুলিকে আপগ্রেড করার প্রয়োজনীয়তা মূল্যায়ন এবং সম্ভাব্যতা বিশ্লেষণ করার ক্ষেত্রে প্রজেক্টের স্পনসররা প্রাসঙ্গিক স্কুল কর্তৃপক্ষের সাথে কাজ করবে। কারণগুলির মধ্যে বিদ্যমান HVAC সিস্টেমগুলির ডিজাইন ও কার্যকারিতা, হাইওয়েগুলির সাথে সুবিধার নৈকট্য এবং এলাকায় হাঁপানিতে আক্রান্ত হওয়ার হার, সেইসাথে নির্ধারিত মূলধন প্রকল্পসমূহ অন্তর্ভুক্ত থাকবে। প্রজেক্টের স্পনসররা প্রাসঙ্গিক স্টেট ও স্থানীয় সংস্থাগুলির সাথে কাজ করবে এবং কোথায় বায়ু পরিষ্কার আপগ্রেডগুলি সবচেয়ে বেশি প্রভাবশালী হবে তা নির্ধারণ করতে কমিউনিটি স্টেকহোল্ডারদের কাছ থেকে মতামত চাইবে।
- অ্যাজমা কেস ম্যানেজমেন্ট প্রোগ্রাম ও সেন্টার: এই প্রশমনটি New York (নিউইয়র্ক) সিটির পাঁচটি কাউন্টির মধ্যে বিদ্যমান সিটি প্রোগ্রামগুলির সাকুল্যের উপর প্রসারিত হবে।
 - ❖ অ্যাজমা কেস ম্যানেজমেন্ট প্রোগ্রাম - NYC ডিপার্টমেন্ট অফ হেলথ অ্যান্ড মেন্টাল হাইজিন (DOHMH) হাঁপানির বিদ্যমান উচ্চ হার সহ প্রভাবিত সেন্সাস ট্র্যাক্টের স্কুলগুলি শনাক্ত করার জন্য একটি প্রয়োজনীয় মূল্যায়ন পরিচালনা করবে। উপরন্তু, NYC DOHMH অ্যাজমা কেসের ম্যানেজমেন্ট প্রোগ্রামের সম্প্রসারণে স্কুল নেতৃত্বের সাথে জড়িত থাকবে এবং অগ্রাধিকারমূলক অবস্থানে যেগুলিকে অগ্রাধিকার দেওয়া উচিত এবং কীভাবে হাঁপানিতে আক্রান্ত শিশুদের পরিবারে সর্বোত্তমভাবে পৌঁছানো যায়, সেসব সম্পর্কে জানতে এটি পরিবেশগত ন্যায়বিচার কমিউনিটি গ্রুপ, বাবা-মা এবং অন্যান্য কমিউনিটি স্টেকহোল্ডারদের কাছ থেকে মতামত চাইবে।
 - ❖ অ্যাজমা সেন্টার - Bronx (ব্রংস)-এ একটি অবস্থান নির্বাচন অন্তর্ভুক্ত করা হবে, যাতে হাঁপানির হার, জনসংখ্যার ঘনত্ব, সংবেদনশীল রিসেপ্টরগুলির নৈকট্য, বিদ্যমান সুবিধা এবং পরিষেবাগুলির অবস্থান, গণপরিবহনের মাধ্যমে অ্যাক্সেসযোগ্যতা এবং উপযুক্ত স্থানের প্রাপ্যতা বিবেচনা করা অন্তর্গত থাকবে। NYC DOHMH প্রোগ্রামিং এবং আউটরিচ কৌশলগুলিতে ইনপুট চাওয়ার জন্য কমিউনিটি স্টেকহোল্ডারদের সাথে কাজ করবে, যাতে হাঁপানি রোগে আক্রান্ত ব্যক্তিদের জন্য সেন্টার যাতে সর্বোচ্চ সুবিধা পায় তা নিশ্চিত করা যায়।

প্রশমন ব্যবস্থা কি EA-এর ফলাফল পরিবর্তন করবে?

সংক্ষিপ্ত উত্তরটি হল না, প্রশমনের ব্যবস্থাগুলির ক্ষেত্রে EA-তে বিশ্লেষণের জন্য ব্যবহৃত টোলিং পরিস্থিতিতে পরিবর্তনের প্রয়োজন হয় না, বা EA-এর মৌলিক সিদ্ধান্তগুলিও পরিবর্তন করা হয় না। চূড়ান্ত EA-তে, প্রজেক্টের স্পনসররা টোলিং কার্টামো এবং/অথবা CBD টোলিং প্রোগ্রামের খরচকে প্রভাবিত করে এমন অনেকগুলি প্রশমনের ব্যবস্থা করতে প্রতিশ্রুতিবদ্ধ। এগুলিতে অন্তর্ভুক্ত: 1) ট্রাক এবং অন্যান্য যানবাহনের জন্য রাতারাতি টোল আরও হ্রাস করা; 2) ট্যাক্সি এবং FHV-এর ক্ষেত্রে দিনে একবারের বেশি টোল নয়; 3) প্রজেক্ট-সম্পর্কিত ট্রাফিক ডাইভারশনের ফলে নির্দিষ্ট পরিবেশগত ন্যায়বিচার কমিউনিটিগুলিতে সম্ভাব্য বর্ধিত ট্রাফিক ভলিউম মোকাবেলার জন্য প্রশমন ব্যবস্থা এবং 4) প্রজেক্টের প্রথম পাঁচ বছরের জন্য ঘন-ঘন নিম্ন-আয়ের চালকদের জন্য একটি ছাড়যুক্ত টোল রেট।

যদিও EA-তে বিশ্লেষিত কিছু টোলিং পরিস্থিতি ট্যাক্সি এবং FHV-এর এই আচরণকে প্রতিকূলিত করে টোলিং পরিস্থিতি B, F এবং পরিবর্তিত পরিস্থিতি A, D এবং G) তবে কোনোটিই রাতারাতি টোল বা কম আয়ের ছাড়ের টোল হার অন্তর্ভুক্ত করে না। এইভাবে, এই প্রশমন ব্যবস্থাগুলি অন্তর্ভুক্ত করার সাথে, সম্ভাব্য প্রকল্প প্রভাবগুলি এখনও EA-এর জন্য মডেল করা প্রভাবগুলির সীমার মধ্যে পড়েছে, তা নিশ্চিত করার জন্য অতিরিক্ত বিশ্লেষণ করা হয়েছিল।

অন্যান্য প্রশমন ব্যবস্থার প্রভাবগুলি বিশ্লেষণ করার জন্য, পরিবর্তিত পরিস্থিতি B1 ভিত্তি হিসাবে ব্যবহার করে একটি টোলিং পরিস্থিতি তৈরি করা হয়েছিল (পেরিশিট 2E, পৃষ্ঠা 2E-2 এবং পেরিশিট 4A, পৃষ্ঠা 4A.2-1 -এ বর্ণিত পরিসংখ্যান B-এর একটি সংস্করণ যা আয়ের লক্ষ্য পূরণ করে)। এই টোলিং পরিস্থিতিতে প্রতিদিন

একবার ট্যাঙ্কি এবং FHV-এর জন্য টোলের একটি ক্যাপ এবং ট্রাক সহ সমস্ত যানবাহনের জন্য 12:00 am থেকে 6:00 a.m. পর্যন্ত সম্পূর্ণ বিনামূল্যের সময়সীমা অন্তর্ভুক্ত রয়েছে। এই বিশ্লেষণের জন্য, EA-তে ব্যবহৃত টোল নেওয়ার পরিস্থিতি থেকে প্রভাবের কোনো পার্থক্য ক্যাপচার করার জন্য রাতারাতি আরও ত্রাস করা প্রশমনের সময়সীমা এবং টোল হার ত্রাস চূড়ান্ত EA-তে যে টোলগুলি কমপক্ষে 12:00 a.m. থেকে 4:00 a.m. পর্যন্ত সর্বোচ্চ টোল হারের 50 শতাংশ বা তার নিচে) প্রতিশ্রুতিগুলির বাইরে প্রসারিত করা হয়েছিল। এই পরিবর্তিত পরিস্থিতিটি- নিম্নলিখিত পার্শ্ব B2 হিসাবে উল্লেখ করা হয়েছে - এটি প্রমাণ করে যে চূড়ান্ত EA-তে বর্ণিত প্রশমনের ব্যবস্থাগুলি CBD টোলিং প্রোগ্রামে অন্তর্ভুক্ত করা যেতে পারে, তবে সম্ভাব্য প্রভাবগুলি এখনও বর্তমান টোলিং পরিস্থিতির মাধ্যমে অন্বেষণ করা প্রভাবের সীমার মধ্যে পড়ে। বিশেষভাবে:

1. প্রজেক্টের VMT এবং ভলিউম হ্রাসের উদ্দেশ্য। টোলিং পরিস্থিতি B2 এর ফলে VMT 8.4 শতাংশ হ্রাস পায় এবং Manhattan (ম্যানহাটান) CBD-এ প্রবেশকারী যানবাহনগুলিতে 17 শতাংশ হ্রাস ঘটে। এগুলি ইতিমধ্যে EA-তে মডেল করা প্রভাবগুলির পরিসরের মধ্যে রয়েছে (সারণী 4A-7 এবং 4A-5 এ বর্ণিত)।
2. টোলের মূল্য। টোলিং পরিস্থিতি B2 -এর জন্য সর্বোচ্চ E-ZPass টোলের মূল্য \$13.20 প্রয়োজন, যা EA-তে টোলিং পরিস্থিতির সীমার মধ্যে থাকে (টেবিল 2-3 দেখুন)।
3. রাজস্বের লক্ষ্য। B2 রাজস্ব লক্ষ্য পূরণ করে অর্থাৎ \$1.07 বিলিয়ন তৈরি করে, যেটি প্রজেক্টের স্পনসররা চূড়ান্ত EA -তে প্রতিশ্রুতিবদ্ধ নতুন প্রশমন ব্যবস্থার খরচ কভার করার জন্য যথেষ্ট (নিম্ন আয়ের ঘন-ঘন চালকদের জন্য ছাড়যুক্ত টোল রেট সহ) এবং আবারও, এটি EA -তে টোলিং পরিস্থিতির পরিসীমা অতিক্রম করে না।

গুরুত্বপূর্ণভাবে, যেহেতু এটি উপরে চিহ্নিত প্রভাবের সীমার মধ্যে প্রভাব ফেলে, তাই ইতিমধ্যে EA -তে বর্ণিত ক্ষেত্র ব্যতীত টোলিং পরিস্থিতি B2 ট্রাফিক ডাইভারশন হাইওয়ে এবং ইন্টারসেকশন) বা সংশ্লিষ্ট বায়ুর গুণমান বা পরিবেশগত ন্যায়বিচার জনসংখ্যার উপর প্রভাব ফেলবে না।

4. পরিবেশগত ন্যায়বিচার কমিউনিটির মধ্যে ট্রাফিকের পরিবর্তিত গতিপথ। পরিবেশগত ন্যায়বিচারের জনসংখ্যার কাছাকাছি ট্রাফিকের পরিবর্তিত গতিপথের জন্য EA-তে মূল্যায়ন করা টোলিং পরিস্থিতিগুলির মধ্যে, Macombs Road (ম্যাকম্বস রোড)-এর Cross Bronx Expressway (ক্রস ব্রংস এক্সপ্রেসওয়ে)-তে ট্রাকগুলির টোলিং পরিস্থিতি B-তে সর্বাধিক বৃদ্ধি পেয়েছে (অধ্যায় 10, "বায়ু গুণমান," বিভাগ 10.3.2.3 দেখুন)। টোলিং পরিস্থিতি B2 -এর এই সেগমেন্টে পরিস্থিতি B-এর তুলনায় কম ট্রাক থাকবে এবং EA-তে হাইওয়ে লিঙ্ক বিশ্লেষণ সম্পাদিত অন্য দুটি স্থানে চিহ্নিত সীমার মধ্যে ট্রাকের পরিমাণ বৃদ্ধি পাবে (জর্জ ওয়াশিংটন ব্রিজের I-95 পশ্চিমে এবং রবার্ট এফ কেনেডি ব্রিজ কুইন্স অতিমুখে)।

শেষমেশ প্রজেক্টের স্পনসররা জানিয়েছেন যে, কম আয়ের চালকদের জন্য ছাড়কৃত টোল রেট থেকে ট্রাফিক প্রভাব EA -তে টোলিং পরিস্থিতির মাধ্যমে অন্বেষণ করা প্রভাবের সীমার মধ্যে পড়বে, কারণ মোট চালকের সংখ্যার তুলনায় স্বল্প আয়ের ঘন-ঘন চালকের সংখ্যা কম, যাদের কোন যুক্তিসঙ্গত বিকল্প নেই।

যেমন উল্লিখিত হয়েছে, সেই অনুযায়ী টোলিং পরিস্থিতি B2 -তে 12:00 am থেকে 6:00 a.m. পর্যন্ত সম্পূর্ণ বিনামূল্যের সময়কাল অন্তর্ভুক্ত ছিল, যা একটি কম টোল রেট এবং আইন দ্বারা প্রয়োজনীয় বা চূড়ান্ত EA -তে প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার চেয়ে দীর্ঘ রাতারাতি সময়কাল। অতিরিক্তভাবে, টোলিং পরিস্থিতি B2 -তে আরও দুটি উপাদান অন্তর্ভুক্ত রয়েছে যেগুলি আইন দ্বারা প্রয়োজনীয় নয় এবং চূড়ান্ত EA-তে প্রশমন প্রতিশ্রুতির অংশ নয় - এটি দিনে দুবার ট্রাকের জন্য টোলের উপর একটি ক্যাপ এবং সমস্ত বাসের জন্য একটি ছাড়। এটি আরও দেখায় যে চূড়ান্ত EA-তে প্রশমনের প্রতিশ্রুতিগুলি ইতিমধ্যে বর্ণিতগুলির বাইরে প্রভাব ফেলবে না। সবচেয়ে গুরুত্বপূর্ণভাবে, অতিরিক্ত বিশ্লেষণ দেখায় যে টোলিং পরিস্থিতিতে এই পরিবর্তনগুলি EA -এর মৌলিক সিদ্ধান্তগুলিকে পরিবর্তন করে না।]

জনসাধারণ কীভাবে জড়িত হয়েছে?

প্রকল্পের স্পনসররা 28টি-কাউন্টি অধ্যয়ন এলাকা জুড়ে বাসিন্দা, ব্যবসা, ফেডারেল/আঞ্চলিক/স্টেট/স্থানীয় সংস্থাগুলির কাছ থেকে ইনপুট চাওয়ার জন্য একটি শক্তিশালী পাবলিক এবং এজেন্সি আউটরিচ পরিকল্পনা বাস্তবায়ন করেছে। প্রকল্প এবং প্রক্রিয়া সম্পর্কে তথ্য প্রজেক্ট ওয়েবসাইটে, একটি প্রজেক্ট ফ্যাক্ট শিট, সোশ্যাল মিডিয়া, সরাসরি ইমেল এবং একাধিক প্রিন্ট মিডিয়া আউটলেটের মাধ্যমে জানানো হয়েছিল। প্রারম্ভিক আউটরিচ সময়ের মধ্যে, মোট 19টি সেশনের জন্য 10টি ভার্সুয়াল পাবলিক আউটরিচ এবং 9টি পরিবেশগত বিচার ওয়েবিনার সেশন অনুষ্ঠিত হয়েছিল। যারা প্রকল্প এবং প্রক্রিয়া সম্পর্কিত লিখিত তথ্যগত, প্রযুক্তিগত এবং যৌক্তিক প্রশ্ন জমা দিয়েছিলেন তাদের রিয়েল-টাইম উত্তর দেওয়া হয়েছিল। ওয়েবিনারগুলি, যা দেখার জন্য উপলব্ধ থাকে, সেগুলি YouTube-এ লাইভ স্ট্রিম করা হয়েছিল, এবং রেকর্ডিংগুলি পরবর্তীতে চাহিদা অনুযায়ী দেখার জন্য YouTube-এ পোস্ট করা হয়েছিল। ফেব্রুয়ারি 2022 পর্যন্ত, এই রেকর্ডিংগুলিকে একত্রে 14,000-এর বেশি দেখা হয়েছে। মিটিংয়ের অংশগ্রহণকারীদের একটি ঐচ্ছিক জরিপ পূরণ করতে বলা হয়েছিল; প্রায় 309 প্রতিক্রিয়াগুলির মধ্যে, মোটামুটি এক-তৃতীয়াংশ নিজেদের সংখ্যালঘু হিসেবে চিহ্নিত করেছে।

[EA একটি 30-দিনের আনুষ্ঠানিক পাবলিক কমেন্ট পিরিয়ড শুরু করার মাধ্যমে 10 আগস্ট, 2022-এ জনসাধারণের জন্য প্রকাশ করা হয়েছিল, যা পরবর্তীতে অনুরোধের প্রতিক্রিয়া হিসাবে 14 দিন বাড়িয়ে 23 সেপ্টেম্বর, 2022 পর্যন্ত করা হয়েছিল। 44-দিনের কমেন্ট উইন্ডোতে, 14,000 এরও বেশি ব্যক্তিগত জমা এবং 55,000 টিরও বেশি ফর্ম চিঠি প্রাপ্ত হয়েছিল। অনেক জমাতে একাধিক মন্তব্য ছিল, যার দরুন ইমেল, ঐতিহ্যবাহী চিঠি, ভয়েসমেল, ফ্যাক্স এবং একটি অনলাইন ফর্মের সমন্বয়ের মাধ্যমে এবং পাশাপাশি EA-তে ছয়টি ভার্সুয়াল শুনানিতে দেওয়া মৌখিক সাক্ষ্যের মাধ্যমে, প্রজেক্টের স্পনসর এবং FHWA দ্বারা সংগৃহীত 22,000 টিরও বেশি ব্যক্তিগত মন্তব্য পাওয়া গিয়েছে। ভার্সুয়াল শুনানির সময়, 552 জন বক্তা মৌখিক সাক্ষ্য প্রদান করেছিলেন এবং আরও অনেকে লাইভ স্ট্রিম চলাকালীন অংশ নিয়েছিলেন বা প্রজেক্ট ওয়েবসাইটে বা YouTube এর মাধ্যমে পরে দেখেছিলেন (ডিসেম্বর 2022 পর্যন্ত 11,200 টি ভিউ এসেছে)।]

পরিবেশগত ন্যায়বিচার জনসংখ্যার সাথে অর্থপূর্ণ সম্পৃক্ততাকে উত্সাহিত করার জন্য, FHWA ও প্রজেক্টের স্পনসররা একটি প্রযুক্তিগত উপদেষ্টা গ্রুপ এবং একটি স্টেকহোল্ডার ওয়ার্কিং গ্রুপের আকারে ছোট মিটিং আয়োজন করেছে।

পরিবেশগত ন্যায়বিচার সংক্রান্ত কারিগরি উপদেষ্টা গ্রুপ। FHWA এবং প্রজেক্টের স্পনসররা অংশগ্রহণের জন্য কমিউনিটির নেতাদের এবং অ্যাডভোকেসি গ্রুপের প্রতিনিধিদেরকে আমন্ত্রণ জানিয়েছে যাদের জ্ঞান এবং অভিজ্ঞতা রয়েছে। সাতত্রিশটি গোষ্ঠীকে আমন্ত্রণ জানানো হয়েছিল, যার মধ্যে 16টি গ্রুপ গ্রহণ করেছে এবং 14টি গ্রুপ এখন পর্যন্ত এক বা একাধিক মিটিংয়ে অংশগ্রহণ করেছে। পরিবেশগত ন্যায়বিচার কারিগরি উপদেষ্টা গ্রুপ এই EA প্রকাশের আগে তিনবার এবং **পরবর্তীতে, জানুয়ারি 2023 পর্যন্ত চারবার মিলিত হয়েছিল।**

পরিবেশগত ন্যায়বিচার সংক্রান্ত স্টেকহোল্ডার ওয়ার্কিং গ্রুপ। প্রাথমিক সচেতনতা বৃদ্ধির সময়, সমগ্র অধ্যয়ন এলাকা জুড়ে জনসংখ্যার ব্যক্তিরা অংশগ্রহণের অনুরোধ করতে সক্ষম হয়েছিল বা প্রকল্প ওয়েবসাইটে একটি ফর্ম ব্যবহার করে বা প্রকল্প স্পনসরদের সাথে যোগাযোগ করে এই গ্রুপে অংশগ্রহণকারী হিসাবে অন্যদের পরামর্শ

পরিবেশগত ন্যায়বিচার সচেতনতা বৃদ্ধি সংক্রান্ত প্রতিক্রিয়া

একটি স্বাধীন পদক্ষেপ হিসাবে, MTA বর্তমানে তার বহুরে শূন্য-নির্গমন বাসে স্থানান্তরিত করছে। MTA ঐতিহ্যগতভাবে অনুন্নত সম্প্রদায়গুলিকে অগ্রাধিকার দিতে প্রতিশ্রুতিবদ্ধ এবং যারা নিম্ন বায়ুর গুণমান এবং জলবায়ু পরিবর্তন দ্বারা প্রভাবিত হয়েছে এবং একটি নতুন পরিবেশগত ন্যায়বিচার স্কোরিং কাঠামো তৈরি করেছে যাতে এই অগ্রাধিকারগুলিকে স্থানান্তরের পর্যায়ক্রমে স্থাপন প্রক্রিয়ায় সক্রিয়ভাবে অন্তর্ভুক্ত করা যায়।

CBD Tolling Program (টোলিং প্রোগ্রাম)-এর জন্য পরিচালিত প্রচারের সময় প্রাপ্ত প্রতিক্রিয়া এবং পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায়ের সদস্যদের দ্বারা উত্থাপিত উদ্বেগের ভিত্তিতে, MTA Kingsbridge Depot এবং Gun Hill Depot-কে অগ্রাধিকার দিতে প্রতিশ্রুতিবদ্ধ, উভয়ই Upper Manhattan (আপার ম্যানহাটন) এবং Bronx (ব্রক্স)-এ প্রাথমিকভাবে পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায়ের মধ্যে অবস্থিত এবং পরিবেশন করে, যখন MTA-এর পরবর্তী প্রধান ব্যাটারি বৈদ্যুতিক বাস সংগ্রহে ইলেকট্রিক বাস পাওয়া যায়, যা 2022 সালের [শেষের দিকে] শুরু হয়েছিল। MTA-এর এই স্বাধীন প্রচেষ্টা Bronx (ব্রক্স)-এর পরিবেশগত ন্যায়বিচার সম্প্রদায়কে বায়ুর গুণমানের সুবিধা প্রদানের জন্য প্রত্যাশিত।

দিতে সক্ষম হয়েছিল। মনোনীত বা অংশগ্রহণে আগ্রহী সাতাশ জন লোককে ওয়ার্কিং গ্রুপে যোগদানের জন্য আমন্ত্রণ জানানো হয়েছিল এবং 22 জন ব্যক্তি এক বা উভয় মিটিংয়ে অংশগ্রহণ করেছিলেন। এই গ্রুপটি এই EA প্রকাশের আগে দুবার এবং EA মন্তব্য সময়কালে আবার মিলিত হয়েছিল।

উভয় গ্রুপেই, এজেন্ডাগুলি মূলত অংশগ্রহণকারীদের দ্বারা চালিত হয়েছিল যখন প্রকল্পের স্পনসররা শুনেছিলেন এবং প্রশ্নের উত্তর প্রদান করেছিলেন। পাবলিক আউটরিচ এবং পরিবেশগত ন্যায়বিচার ওয়েবিনারের সময় শোনা মন্তব্যগুলির সাথে, এই সেশনগুলির আলোচনাগুলি প্রজেক্টের স্পনসরদের অতিরিক্ত বিশ্লেষণ করতে এবং অতিরিক্ত প্রশমন ব্যবস্থা বিকাশ করতে পরিচালিত করেছিল, **[যেমনটা পূর্বে বর্ণিত হয়েছে]**।

টেবিল ES- /5// টোলিং পরিস্থিতির তুলনা-সহ CBD টোলিং বিকল্পের সুবিধা ও প্রভাবের সারাংশ

EA অধ্যায় / পরিবেশগত বিভাগ	বিষয়	প্রভাবের সারাংশ	অবস্থান	সারণীতে দেখানো ডেটা	টোলিং দৃশ্যকল্প							সম্ভাব্য প্রতিকূল প্রভাব	প্রশমন এবং বর্ধন		
					A	B	C	D	E	F	G				
4A - পরিবহন: আঞ্চলিক পরিবহন প্রভাব এবং মডেলিং	যানবাহনের আওয়াজ		Manhattan (ম্যানহাটন) CBD-তে অবস্থানগুলি অতিক্রম করা	নো অ্যাকশন অন্টারনেটিভের তুলনায় Manhattan (ম্যানহাটন) CBD-তে প্রবেশকারী দৈনিক যানবাহনের % বৃদ্ধি বা হ্রাস	-15%	-16%	-17%	-19%	-20%	-18%	-17%	না	প্রশমনের কোনো প্রয়োজন নেই। উপকারী প্রভাব		
	Manhattan (ম্যানহাটন) CBD-তে স্বয়ংক্রিয় যাত্রা		Manhattan (ম্যানহাটন) CBD	নো অ্যাকশন অন্টারনেটিভের তুলনায় Manhattan (ম্যানহাটন) CBD-তে কর্মীদের অটো যাত্রার % বৃদ্ধি বা হ্রাস	-5%	-5%	-7%	-9%	-11%	-10%	-6%	না	প্রশমনের কোনো প্রয়োজন নেই। উপকারী প্রভাব		
		সামগ্রিকভাবে Manhattan (ম্যানহাটন) CBD-তে প্রতিদিনের যানবাহন ভ্রমণের পরিমাণ কমেছে।		Manhattan (ম্যানহাটন) CBD	নো অ্যাকশন অন্টারনেটিভের তুলনায় Manhattan (ম্যানহাটন) CBD-তে কর্মীদের অটো যাত্রার সর্বাধিক বৃদ্ধি বা হ্রাস	-12,571	-12,883	17,408	-24,017	-27,471	-24,433	-14,578			
	Manhattan (ম্যানহাটন) CBD-র মাধ্যমে ট্রাক ট্রিপ	টোলিং দৃশ্যের উপর নির্ভর করে Manhattan (ম্যানহাটন) CBD বা Manhattan (ম্যানহাটন) CBD-র আশেপাশে বিভিন্ন ক্রসিংয়ে কিছু ডাইভারশন। কিছু পরিধির মহাসড়কে ট্রাক ট্রিপ সহ ট্রাফিক বাডার সাথে-সাথে CBD-তে অন্যান্য হাইওয়ে সেগমেন্টে ট্রাফিক হ্রাস পেয়েছে।		Manhattan (ম্যানহাটন) CBD	নো অ্যাকশন অন্টারনেটিভের তুলনায় Manhattan (ম্যানহাটন) CBD (CBD-তে উৎপত্তি বা গন্তব্য ছাড়া) প্রতিদিনের ট্রাক ট্রিপ বৃদ্ধি বা হ্রাস	-4,645 (-55%)	[-4 967] (-59%)	-5,253 (-63%)	-5,687 (-68%)	-6,604 (-79%)	-6,784 (-81%)	[-1 734] (-21%)	না	প্রশমনের কোনো প্রয়োজন নেই। উপকারী প্রভাব	
	Transit যাত্রা	ডাইভারশন Manhattan (ম্যানহাটন) CBD ক্রসিং এর কাছাকাছি স্থানীয় চৌরাস্তায় ট্রাফিক ভলিউম বৃদ্ধি বা হ্রাস করবে। Manhattan (ম্যানহাটন) CBD এবং অঞ্চলে সামগ্রিকভাবে সমস্ত টোলিং পরিস্থিতিতে যানবাহন-মাইল ড্রাভেলড (VMT) হ্রাস এবং কিছু যানবাহন থেকে transit মোডে স্থানান্তরিত হয়েছে।		Manhattan (ম্যানহাটন) CBD	নো অ্যাকশন বিকল্পের তুলনায় দৈনিক Manhattan (ম্যানহাটন) CBD-সম্পর্কিত transit যাত্রায় % বৃদ্ধি বা হ্রাস				+1 থেকে +3%				না	প্রশমনের কোনো প্রয়োজন নেই। প্রতিকূল প্রভাব নেই	
	ট্রাফিক ফলাফল		Manhattan (ম্যানহাটন) CBD						-9% থেকে -7%						
			NYC (নন-Manhattan (ম্যানহাটন) CBD)												
		New York (নিউ ইয়র্ক), NYC-র উত্তর													
		Long Island (লং আইল্যান্ড)	নো অ্যাকশন বিকল্পের তুলনায় দৈনিক VMT % বৃদ্ধি বা হ্রাস												
		New Jersey (নিউ জার্সি)													
		Connecticut (কানেকটিকাট)													

EA অধ্যায় / পরিবেশগত বিভাগ	বিষয়	প্রভাবের সারাংশ	অবস্থান	সারণীতে দেখানো ডেটা	টোলিং দৃশ্যকল্প							সম্ভাব্য প্রতিকূল প্রভাব	প্রশমন এবং বর্ধন	
					A	B	C	D	E	F	G			
4B - পরিবহন: হাইওয়ে এবং স্থানীয় ইন্টারসেকশন	ট্রাফিক - হাইওয়ে সেগমেন্ট	<p>CBD Tolling Program (টোলিং প্রোগ্রাম)-এর সূচনা Manhattan (ম্যানহাটন) CBD টোল এডাতে ব্যবহৃত পরিধিপূর্ণ সড়কপথের কাছাকাছি আসা হাইওয়ে অংশগুলিতে ক্রমবর্ধমান যানজট সৃষ্টি করতে পারে, যার ফলে কিছু টোলিং পরিস্থিতিতে কিছু অংশে মধ্যাহ্ন এবং PM পিক আওয়ারে বিলম্ব এবং সারি বেড়ে যায়:</p> <ul style="list-style-type: none"> পশ্চিমমুখী Long Island Expressway (I-495) Queens-Midtown Tunnel-এর কাছে (দুপুর) পশ্চিমমুখী George Washington Bridge-এর দিকে I-95 (দুপুর) East 10th Street এবং Brooklyn Bridge (ব্রুকলিন ব্রিজ)-এর মধ্যে দক্ষিণমুখী এবং উত্তরমুখী FDR Drive (PM) অন্যান্য অবস্থানগুলি বিশেষত Manhattan (ম্যানহাটন) CBD-এর দিকে যাওয়ার রুটগুলিতে অনুশীলনের সাথে সম্পর্কিত হ্রাস দেখতে পারে 	<p>ভিড থাকা কালীন ক্রমবর্ধমান বিলম্ব এবং সারি সহ হাইওয়ে অংশ যা বিরূপ প্রভাব ফেলবে</p>	10টি হাইওয়ে সেগমেন্ট (AM)	বিশ্লেষিত টোলিং দৃশ্যে 10টির মধ্যে 0টি হাইওয়ে করিডোর (টোলিং দৃশ্যকল্প D)	হ্যাঁ	<p>প্রশমনের প্রয়োজন। প্রজেক্টের স্পনসররা [টোলিং] কার্যক্রম শুরু হওয়ার প্রায় তিন মাস পরে এবং প্রভাবের শ্রেণিহীন সহ সংগৃহীত পোস্ট-বাস্তবায়ন ডেটা সহ বাস্তবায়নের আগে একটি পর্যবেক্ষণ পরিকল্পনা বাস্তবায়ন করবে; যদি শ্রেণিহীনগুলি পৌঁছে যায় বা অতিক্রম করা হয়, তাহলে প্রজেক্টের স্পনসররা পরিবহন চাহিদা ব্যবস্থাপনা (TDM) ব্যবস্থাগুলি বাস্তবায়ন করবে, যেমন র‍্যাম্প মিটারিং, মোটর চালকের তথ্য, সমস্ত চিহ্নিত হাইওয়ে অবস্থানগুলিতে সিগনেজ যা প্রকল্প বাস্তবায়নের উপর বিরূপ প্রভাব ফেলতে পারে। [NYSDOT লং আইল্যান্ড এক্সপ্রেসওয়ে এবং I-95 এর প্রাসঙ্গিক অংশগুলির মালিক এবং রক্ষণাবেক্ষণের দায়িত্বে রয়েছে। FDR ড্রাইভ-এর প্রাসঙ্গিক অংশটি Montgomery Street (মন্টগোমারি স্ট্রিট)-এর দক্ষিণে NYSDOT এবং Montgomery Street (মন্টগোমারি স্ট্রিট)-এর উত্তরে NYCDOT-এর মালিকানাধীন। TDM পরিমাপের বাস্তবায়ন ঘটানোর জন্য হাইওয়ে মালিক এবং TDM বাস্তবায়নের জন্য প্রাসঙ্গিক যে কোনো সম্পদের মালিকদের মধ্যে সমঝুতা ঘটানো হবে।]</p> <p>[TDM ব্যবস্থার] বাস্তবায়নের পরে, প্রজেক্ট স্পনসররা প্রভাবগুলি নিরীক্ষণ করবে এবং প্রয়োজনে, TBTA বিরূপ প্রভাব কমাতে [গৃহীত টোল সময়সূচির প্যারামিটারের মধ্যে] টোল রেট, ক্রসিং ক্রেডিট, ছাড় এবং/অথবা ডিসকাউন্ট-এর পরিবর্তন করবে।</p>	10টি হাইওয়ে সেগমেন্ট (দুপুর)	বিশ্লেষিত টোলিং দৃশ্যকল্পে 10টির মধ্যে 2টি হাইওয়ে করিডোর (টোলিং দৃশ্যকল্প D), পাশাপাশি টোলিং দৃশ্যকল্প E এবং F	10টি হাইওয়ে সেগমেন্ট (PM)	বিশ্লেষিত টোলিং দৃশ্যকল্পে 10টি হাইওয়ে করিডোরের মধ্যে 1টি (টোলিং দৃশ্যকল্প D), পাশাপাশি টোলিং দৃশ্যকল্প E এবং F			
				363 অবস্থান (সারা দিন)	ভিড থাকা কালীন 50 বা তার বেশি যানবাহনের ভলিউম বৃদ্ধি সহ ইন্টারসেকশনের দৃষ্টান্তের সংখ্যা।			9	10	24	50	48	50	10
				102 অবস্থান (AM)	2			2	3	3	3	3	2	
102 অবস্থান (দুপুর)	1	2	4	16	16	17	0							
102 অবস্থান (PM)	1	1	1	10	9	9	1							
57 অবস্থান (রাতারাতি)	5	5	16	21	20	21	5							
4 অবস্থান	সম্ভাব্য প্রতিকূল প্রভাব সহ অবস্থান যা সিগন্যাল টাইমিং সামঞ্জস্য দিয়ে সমাধান করা [হবে]	0	0	0	4	4	4	0						
ইন্টারসেকশন	<p>ট্রাফিক প্যাটার্নের পরিবর্তন, কিছু স্থানে ট্রাফিক বৃদ্ধি এবং অন্যান্য স্থানে হ্রাস, Manhattan (ম্যানহাটন) CBD-এর মধ্যে এবং কাছাকাছি কিছু স্থানীয় চৌরাস্তার অবস্থার পরিবর্তন করবে। বিশ্লেষণ করা 102টি ইন্টারসেকশনগুলির মধ্যে, বেশিরভাগ ইন্টারসেকশন বিলম্ব হ্রাস দেখতে পারে।</p> <p>Manhattan (ম্যানহাটন)-এর চারটি স্থানীয় সংযোগস্থলে সম্ভাব্য প্রতিকূল প্রভাব: Trinity Place ও Edgar Street (মধ্যাহ্ন); East 36th Street এবং Second Avenue (মধ্যাহ্ন); East 37th Street এবং Third Avenue (মধ্যাহ্ন); East 125th Street এবং Second Avenue (AM, PM)</p>	<p>প্রশমনের প্রয়োজন। NYCDOT-এর স্বাভাবিক অনুশীলন অনুসারে, [NYCDOT] সেই সমস্ত ইন্টারসেকশনগুলি নিরীক্ষণ করবে যেখানে [সম্ভাব্য] প্রতিকূল প্রভাবগুলি চিহ্নিত করা হয়েছিল এবং প্রভাব কমানোর জন্য উপযুক্ত সংকেত টাইমিং সামঞ্জস্য প্রয়োগ করবে।</p> <p>বর্ধিতকরণ এই টেবিলের শেষে নিরীক্ষণের সামগ্রিক উন্নতি দেখুন।</p>												

EA অধ্যায় / পরিবেশগত বিভাগ	বিষয়	প্রভাবের সারাংশ	অবস্থান	সারণীতে দেখানো ডেটা	টোলিং দৃশ্যকল্প							সম্ভাব্য প্রতিকূল প্রভাব	প্রশমন এবং বর্ধন
					A	B	C	D	E	F	G		
4C - পরিবহন: Transit	Transit সিস্টেম	প্রকল্পটি transit সিস্টেমে বিনিয়োগের জন্য একটি উৎসর্গীকৃত রাজস্ব উৎস তৈরি করবে। Manhattan (ম্যানহাটন) CBD-এ ভ্রমণের জন্য Transit রাইডারশিপ সিস্টেমব্যাপী 1 থেকে 2 শতাংশ বৃদ্ধি পাবে, কারণ কিছু লোক গাড়ি চালানোর পরিবর্তে ট্রানজিটে স্থানান্তরিত হবে। Transit রাইডারশিপ বৃদ্ধির ফলে কোনো transit রুটে লাইন-হোল ক্ষমতার উপর বিরূপ প্রভাব পড়বে না।	New York (নিউ ইয়র্ক) সিটি Transit	সিস্টেম জুড়ে মোট দৈনিক transit রাইডারশিপের % বৃদ্ধি বা হ্রাস	1.5% থেকে 2.1%							না	প্রশমনের কোনো প্রয়োজন নেই। প্রতিকূল প্রভাব নেই
			পথ		0.8% থেকে 2.0%								
			Long Island (লং আইল্যান্ড) রেল রোড		0.6% থেকে 2.0%								
			Metro-North রেলরোড		0.6% থেকে 1.9%								
			NJ TRANSIT কমিউটার রেল		0.3% থেকে 2.3%								
			MTA/NYCT বাস		1.3% থেকে 1.6%								
			NJ TRANSIT বাস		0.5% থেকে 1.1%								
			অন্যান্য বাস (সাবারবান এবং প্রাইভেট অপারেটর)		0.0% থেকে 0.9%								
			ফেরি (Staten Island ফেরি, NYC ফেরি, NY ওয়াটারওয়ে, সিস্ট্রিক)		2.5% থেকে 3.5%								
	Roosevelt Island ট্রাম	1.7% থেকে 4.1%											
	বাস সিস্টেম প্রভাব	Manhattan (ম্যানহাটন) CBD-এর মধ্যে এবং Manhattan (ম্যানহাটন) CBD-এর 60th Street সীমানার কাছাকাছি ট্র্যাফিকের পরিমাণ হ্রাস করা রাস্তার যানজটকে কমিয়ে দেবে যা বাস পরিচালনাকে বিরূপভাবে প্রভাবিত করে, আরও নির্ভরযোগ্য, দ্রুত বাস ট্রিপগুলিকে সহজতর করে।	Manhattan (ম্যানহাটন) - এর লোকাল বাস	সর্বাধিক যাত্রী লোড পয়েন্টে % বৃদ্ধি বা হ্রাস	0.5% থেকে 1.2% বৃদ্ধি পায়							না	প্রশমনের কোনো প্রয়োজন নেই। প্রতিকূল প্রভাব নেই
			Bronx (এক্সপ্রেস) এক্সপ্রেস বাস		-1.6% থেকে 2.2%								
			Queens (কুইন্স) স্থানীয় এবং এক্সপ্রেস বাস (Ed Koch Queensboro Bridge-এর মাধ্যমে)		2.0% থেকে 2.8%								
			Queens (কুইন্স) এক্সপ্রেস বাস (Queens-Midtown Tunnel-এর মাধ্যমে)		-1.3% থেকে 4.1%								
			Brooklyn (ব্রুকলিন) স্থানীয় এবং এক্সপ্রেস বাস		1.3% থেকে 2.6%								
			Staten Island (স্টেটেন আইল্যান্ড) এক্সপ্রেস রুট [Brooklyn (ব্রুকলিন) হয়ে]		3.7% থেকে 4.5%								
			Staten Island (স্টেটেন আইল্যান্ড) এক্সপ্রেস রুট (NJ মাধ্যমে)		1.0% থেকে 2.8%								
			NJ/Hudson-এর দক্ষিণ প্রান্তের বাস (Holland Tunnel-এর মাধ্যমে)		-1.4% থেকে 1.4%								
NJ/Hudson-এর দক্ষিণ প্রান্তের বাস (Lincoln Tunnel-এর মাধ্যমে)			0.4% থেকে 1.5%										

EA অধ্যায় / পরিবেশগত বিভাগ	বিষয়	প্রভাবের সারাংশ	অবস্থান	সারণীতে দেখানো ডেটা	টোলিং দৃশ্যকল্প							সম্ভাব্য প্রতিকূল প্রভাব	প্রশমন এবং বর্ধন
					A	B	C	D	E	F	G		
4C - পরিবহন: Transit (চলবে)	Transit সামগ্রী	<p>বর্ধিত রাইডারশিপ পাঁচটি transit স্টেশনে নির্দিষ্ট উল্লম্ব সঞ্চালন উপাদানগুলিতে (যেমন, সিঁড়ি এবং এসকেলেটর) বিরূপ প্রভাবের সম্ভাবনা সহ যাত্রী প্রবাহকে প্রভাবিত করবে:</p> <ul style="list-style-type: none"> Hoboken টার্মিনাল, Hoboken, NJ PATH স্টেশন Manhattan (ম্যানহাটন) CBD-তে Times Sq-42 St/42 St-পোর্ট অথরিটি (Port Authority) বাস টার্মিনাল সাবওয়ে স্টেশন (N, Q, R, W, and S; নং 1, 2, 3 এবং 7; এবং A, C, E লাইন) ক্লাশিং-মেইন সেন্ট সাবওয়ে স্টেশন, কুইন্স (নং 7 লাইন) Manhattan (ম্যানহাটন) CBD-তে 14th Street-Union Square পাতাল রেল স্টেশন (নং 4, 5 এবং 6; এবং L, N, Q, R, W লাইন) Court Square সাবওয়ে স্টেশন, Queens (কুইন্স) (নং 7 এবং E, G, M লাইন) 	<p>Hoboken টার্মিনাল-PATH স্টেশন (NJ) সিঁড়ি 01/02</p>	<p>ভিডের সময় বৃদ্ধি পাওয়া বা সিঁড়িতে থাকা মোট যাত্রী</p>	45	72	122	164	240	205	139	হ্যাঁ	<p>টোলিং পরিস্থিতি E এবং F এর জন্য প্রয়োজনীয় প্রশমন। TBTA একটি বেসলাইন স্থাপনের জন্য টোলিং কার্যক্রম শুরু করার এক মাস আগে এবং প্রকল্পের কাজ শুরু হওয়ার দুই মাস পরে সিঁড়ির 01/02-এ পথচারীদের সংখ্যা নিরীক্ষণের জন্য NJ TRANSIT এবং PANYNJ-এর সাথে সমন্বয় করবে। যদি বাস্তবায়নের আগে এবং পরে সিঁড়ি 01/02 যাত্রীর পরিমাণের তুলনা একটি ক্রমবর্ধমান পরিবর্তন দেখায় যা 205 এর চেয়ে বেশি বা সমান, তাহলে TBTA NJ TRANSIT এবং PANYNJ-এর সাথে সমন্বয় করবে যাতে কিছু লোককে সিঁড়ি 01/02 থেকে সরিয়ে নেওয়ার জন্য উন্নত সাইন-এন্ড ওয়েফাইন্ডিং এবং প্রয়োজনে পরিপূরক কর্মী নিয়োগ করা যায়।</p>
			<p>42 St-Times Square- সাবওয়ে স্টেশন (ম্যানহাটন) সিঁড়ি ML6/ML8 মেজানাইনকে আপটাইন 1/2/3 লাইনের পাতাল রেল প্ল্যাটফর্মের সাথে সংযুক্ত করছে</p>	<p>ভিডের সময়, পিক পিরিয়ডে টোলিং দৃশ্যকল্প E (শুধুমাত্র প্রভাবিত সিঁড়ি বা অবস্থানে নয়) তুলনায় স্টেশনে যাত্রীর সংখ্যা আপেক্ষিক বৃদ্ধি বা হ্রাস</p>	63%	59%	68%	82%	100%	82%	56%	হ্যাঁ	<p>প্রশমনের প্রয়োজন। TBTA এই অবস্থানের জন্য একটি পর্যবেক্ষণ পরিকল্পনা বাস্তবায়ন করতে MTA NYCT-এর সাথে সমন্বয় করবে। পরিকল্পনাটি একটি বেসলাইন, নির্দিষ্ট সময় এবং অতিরিক্ত কর্মের জন্য একটি থ্রেশহোল্ড চিহ্নিত করবে। যদি সেই থ্রেশহোল্ডে পৌঁছে যায়, TBTA MTA NYCT-এর সাথে সমন্বয় করবে কেন্দ্রের হ্যান্ডেলটি সরাতে এবং রাইডারটিকে মানসম্মত করতে, যাতে সিঁড়িটি হ্যান্ড রেল ছাড়াই কোড পূরণ করে। প্রশমন বাস্তবায়নের জন্য পর্যাপ্ত সময় দিতে থ্রেশহোল্ড সেট করা হবে যাতে বিরূপ প্রভাব না ঘটে।</p>
			<p>Flushing-Main St সাবওয়ে স্টেশন [Queens (কুইন্স)]-এসকেলেটর E456 রাস্তার সাথে মেজানাইন স্তরের সংযোগকারী</p>	<p>ভিডের সময়, পিক পিরিয়ডে টোলিং দৃশ্যকল্প E (শুধুমাত্র প্রভাবিত সিঁড়ি বা অবস্থানে নয়) তুলনায় স্টেশনে যাত্রীর সংখ্যা আপেক্ষিক বৃদ্ধি বা হ্রাস</p>	116%	91%	108%	116%	100%	133%	72%	হ্যাঁ	<p>প্রশমনের প্রয়োজন। TBTA এই অবস্থানের জন্য একটি পর্যবেক্ষণ পরিকল্পনা বাস্তবায়ন করতে MTA NYCT-এর সাথে সমন্বয় করবে। পরিকল্পনাটি একটি বেসলাইন, নির্দিষ্ট সময় এবং অতিরিক্ত কর্মের জন্য একটি থ্রেশহোল্ড চিহ্নিত করবে। সেই থ্রেশহোল্ডে পৌঁছে গেলে, MTA NYCT 100 ফুট প্রতি মিনিট (fpm) থেকে 120 fpm-এ গতি বাড়াবে।</p>
